

জবি/প্রশা-৩২(৪৪)/২০০৮/১৪৩

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৭
১) নভেম্বর, ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। শিক্ষার্থীদের উচ্চতর ডিগ্রি ও গবেষণার কাজে প্রাতিষ্ঠানিক ই-মেইল সহায়ক হবে। ই-মেইল আইডি গ্রহণের ধাপসমূহ নিম্নরূপ:

ধাপ ১. শিক্ষার্থীরা <http://gsuite.jnu.ac.bd> সাইটে গিয়ে Apply For Mail এ প্রদত্ত তথ্যসমূহ পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে। যে সকল শিক্ষার্থী ২০১৬-১৭ শিক্ষাবর্ষের পূর্বে তাদের Apply For Mail (Manual) এ প্রদত্ত তথ্যসমূহ পূরণ করে Submit বাটনে ক্লিক করার পরে প্রিন্টকৃত কপি বিভাগীয় চেয়ারম্যানের স্বাক্ষরসহ নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরে জমা দিতে হবে।

ধাপ ২. শিক্ষার্থীর প্রদত্ত তথ্য সঠিক হলে ই-মেইল আইডি Active করা হবে। ই-মেইল আইডি ও Password মোবাইলে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ধাপ ৩. www.gmail.com-এ প্রাতিষ্ঠানিক ই-মেইল এড্রেস ও Password দিয়ে প্রথম লগইন করতে হবে। লগইন করার পর Password পরিবর্তন করে প্রাতিষ্ঠানিক ই-মেইল এড্রেস ব্যবহার করতে হবে।

প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি দিয়ে G Suite for Education tools এর উল্লেখযোগ্য সুবিধাসমূহ পাওয়া যাবে

| | | |
|-----------------|------------------|-----------------|
| Gmail | Google Drive | Google Forms |
| Google Slides | Google Meet | Google Groups |
| Google Contacts | Google Classroom | Backup and sync |

ব্যবহারের শর্তাবলী:


০১। জগন্নাথ বিশ্ববিদ্যালয় বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীরা এ সুবিধা পাবেন।

০২। উল্লেখযোগ্য সুবিধাসমূহ G Suite কর্তৃক সময়ে সময়ে আপডেট হতে হবে।

০৩। প্রাতিষ্ঠানিক ই-মেইল এড্রেস অপব্যবহারকারীর ব্যাপারে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

ই-মেইল আইডি সংক্রান্ত কোন সমস্যা হলে নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

জবি/প্রশা-৩২(৪৪)/২০০৮/১৪৩

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৭
১) নভেম্বর, ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
- ৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)/ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস (IML), জবি;
- ৯-৪৫. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৬. গ্রন্থাগারিক, জবি;
৪৭. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৪৮. প্রক্টর, জবি;
- ৪৯-৫৫. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পউও/আইটি (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)/পিআরআইপি/IQAC), জবি;
৫৬. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক অফিস, জবি;
৫৭. প্রধান প্রকৌশলী, প্রকৌশল দপ্তর, জবি;
৫৮. পরিবহণ প্রশাসক, জবি;
৫৯. সেল প্রধান, অডিট সেল, জবি;
৬০. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬১. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬২. নোটিশ বোর্ড, জবি;
৬৩. অফিস নথি।


(মোহাম্মদ মশিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।